# এনফোর্সমেন্ট বুলেটিন

(মার্চ, ২০২৫)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

# এনফোর্সমেন্ট বুলেটিন


**নির্দেশনায়**

**ড. মোঃ কামরুজ্জামান**, এনডিসি
মহাপরিচালক

**তত্ত্বাবধানে**

**ড. মুঃ সোহরাব আলী**
অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

**সম্পাদনায়**

**সৈয়দ ফরহাদ হোসেন**
পরিচালক (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট)

**সহযোগিতায়**

**মো: আ: সালাম সরকার**
উপপরিচালক

**সৈয়দ আহম্মদ কবীর**
উপপরিচালক

**ইয়াসমিন আক্তার**
সহকারী পরিচালক

**মো: রেজুওয়ান ইসলাম**
সহকারী পরিচালক

**প্রকাশকাল**

এপ্রিল ২০২৫

**প্রকাশক**

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর



**পরিবেশ ভবন**
ই/১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ০২-২২২২১৮৫০০, ইমেইল: dg@doe.gov.bd
ওয়েবসাইট: www.doe.gov.bd, ফেসবুক: facebook.com/doebd



**পরিচালক**
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং
পরিবেশ অধিদপ্তর

# মুখবন্ধ

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এর অধীনে পরিবেশ অধিদপ্তর পরিবেশ সুরক্ষা তথা পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ ও দূষণ প্রতিরোধমূলক কার্যক্রম পরিচালনা করে আসছে। পরিবেশ দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর নিয়মিতভাবে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫ (সংশোধিত-২০১০) ও এর অধীনে জারিকৃত বিভিন্ন বিধিমালাসমূহসহ বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭; বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত-২০১৯) সহ অন্যান্য আইনের আলোকে দেশব্যাপী এনফোর্সমেন্ট অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনা করছে।

বিগত সময়ের ধারাবাহিকতায় মার্চ/২০২৫ মাসেও পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মাসিক বুলেটিন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মার্চ/২০২৫ মাসে অবৈধ পলিথিন, ইটভাটা, নির্মাণ সামগ্রী দ্বারা বায়ুদূষণ, শব্দ দূষণ ইত্যাদি ক্ষেত্রে সমগ্র বাংলাদেশে ২৮৯টি মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ৪৯৬ প্রতিষ্ঠান/ব্যক্তিকে ৫,৫৫,৩৯,১০০/- (পাঁচ কোটি পঞ্চান্ন লক্ষ উনচল্লিশ হাজার একশত) টাকা জরিমানা ধার্যসহ আদায় করা হয়েছে এবং আনুমানিক ২২৯৮৯ কেজি পলিথিন ও ৫০ টি হাইড্রোলিক হর্ন জব্দ করা হয়েছে। দেশব্যাপী পরিচালিত মোবাইল কোর্টের এ সকল তথ্যাদি অত্র বুলেটিনে সংকলন করা হয়েছে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনায় নিয়মিত পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রম সাম্প্রতিককালে অনেক বেগবান করা হয়েছে এবং এ সকল কার্যক্রম বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারিত হচ্ছে যা বিভিন্ন মহলে প্রশংসিত হচ্ছে। এছাড়াও পরিবেশ দূষণকারী মোট ৭৭ টি হাসপাতাল-ক্লিনিক, ইটভাটা, শিল্প প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান করে শুনানির মাধ্যমে মোট ১,০৭,১৬,০৭১/- (এক কোটি সাত লক্ষ ষোল হাজার একাত্তর ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়েছে এবং ১২ টি প্রতিষ্ঠানকে কার্যক্রম বন্ধের নির্দেশ প্রদান করা হয়েছে।

পরিবেশ সুরক্ষার মহতী উদ্যোগের অংশ হিসাবে দেশব্যাপী পরিবেশ দূষণ বিরোধী অভিযান পরিচালনায় পরিবেশ অধিদপ্তরের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণ, অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং সার্বিকভাবে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকগণকে পরিবেশ অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিকভাবে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, অত্র অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধান ও নির্দেশনার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একইসাথে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক পরিবেশ দূষণ বিরোধী অভিযানের মাসিক বুলেটিন প্রকাশে সহযোগিতার জন্য পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মচারিদের আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করছি।

**সৈয়দ ফরহাদ হোসেন**

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| ১ | পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ৭ ধারার আওতায় মার্চ ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম। | ৩ |
| ২ | মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মার্চ ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম। | ৪ |
| ৩ | মার্চ ২০২৫ মাসের সমগ্র বাংলাদেশে পরিচালিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ৫-১৩ |
| ৪ | মার্চ ২০২৫ মাসে সমগ্র বাংলাদেশে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত/প্রচারিত পরিবেশ দূষণ বিরোধী মোবাইল কোর্ট অভিযানসমূহ। | ১৪-১৬ |

# পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ৭ ধারার আওতায় মার্চ ২০২৫ মাসে এনফোর্সমেন্ট কার্যক্রম



চিত্র: এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানি গ্রহণ



ছবি: এনফোর্সমেন্ট শাখায় শুনানিতে অংশগ্রহণকারীদের উপস্থিতি

মার্চ ২০২৫ মাসে ইটভাটা, শিল্প কারখানা, পাহাড় কর্তন, জাহাজ ভাঙ্গা, পুকুর ভরাট, হাসপাতাল ইত্যাদির বিরুদ্ধে পরিবেশ দূষণ বিরোধী কার্যক্রমে মোট ৭৭ (সাতাত্তর) টি প্রতিষ্ঠান/ব্যক্তিকে ১,০৭,১৬,০৭১/- (এক কোটি সাত লক্ষ ষোল হাজার একাত্তর ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয় এবং ৮৮,৭১,৩৩০/- (আটাশি লক্ষ একাত্তর হাজার তিনশত ত্রিশ) টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৭ (১) ধারা অনুযায়ী প্রতিবেশ ব্যবস্থার ক্ষতির ব্যাপারে ব্যবস্থা গ্রহণ:** মহাপরিচালকের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন ব্যক্তির কাজ করা বা না করা প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে প্রতিবেশ ব্যবস্থা বা কোন ব্যক্তি বা গোষ্ঠির ক্ষতি সাধন করিতেছে বা করিয়াছে, তাহা হইলে তিনি উক্ত ক্ষতির পরিমান নির্ধারণপূর্বক উহা পরিশোধ এবং যথাযথ ক্ষেত্রে সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ বা উভয় প্রকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি এইরূপ নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ১৯ (২) ধারা অনুযায়ী ক্ষমতা অর্পণ:** মহাপরিচালক এই আইন বা বিধির অধীন তাহার যে কোন ক্ষমতা অধিদপ্তরের যে কোন কর্মকর্তাকে অর্পণ করিতে পারিবেন।

## মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মার্চ ২০২৫ মাসে মনিটরিং কার্যক্রম:




চিত্র: মার্চ/২০২৫ মাসে বিভিন্ন শিল্প কারখানায় মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক বিভিন্ন শিল্প কারখানায় পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ঙ, ১৫(১) ধারা অনুযায়ী জলাধার হিসাবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেণি পরিবর্তন করার অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**০২ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ২টি প্রতিষ্ঠান ও ৪টি যানবাহন হতে মোট ২৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। চুয়াডাঙ্গা, টাংগাইল, ঝিনাইদহ ও শেরপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১০টি অবৈধ ভাটা হতে মোট ৩৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর ও খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১১০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। কক্সবাজার জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে পাহাড় কর্তনের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। রংপুর জেলা কার্যালয় কর্তৃক মেসার্স গোপাল বিড়ি ফ্যাক্টরির সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।





**০৩ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ৫টি প্রতিষ্ঠান ও ২টি যানবাহন হতে মোট ৪৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নেত্রকোনা, ঝিনাইদহ ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ০৩টি অবৈধ ভাটা হতে মোট ১ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে আনুমানিক ৩৫০০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন হতে মোট ৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন উৎপাদন, আমদানী, বাজারজাতকরণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**০৪ মার্চ ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। পঞ্চগড়, সুনামগঞ্জ, রংপুর, ভোলা ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ০৬টি অবৈধ ভাটা হতে মোট ২৬ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৬ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**০৫ মার্চ ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ১৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ঝিনাইদহ, ঝালকাঠি, কুড়িগ্রাম, ভোলা, ঠাকুরগাঁও, বান্দরবান, গাইবান্ধা, বগুড়া, পাবনা ও লক্ষ্মীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২৯ টি অবৈধ ভাটা হতে মোট ৪৯ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৮ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা ও চট্টগ্রাম মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৩৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





বায়ু দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২২ এর বিধি ১১, ১৭ অনুযায়ী অবকাঠামোগত নির্মাণসামগ্রীতে বায়ু দূষণের অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**০৬ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। ঝিনাইদহ, ঝালকাঠি, বান্দরবান, রংপুর, পঞ্চগড়, ফেনী, শেরপুর ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১৬ টি অবৈধ ভাটা হতে মোট ১৫ লক্ষ ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১৬ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়।





**০৯ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ১৪টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। পঞ্চগড়, কুড়িগ্রাম, দিনাজপুর, নীলফামারী, ঝিনাইদহ, ভোলা, সিরাজগঞ্জ, মেহেরপুর, মৌলভীবাজার, পিরোজপুর, গাইবান্ধা, শরীয়তপুর, বরগুনা, ঠাকুরগাঁও, বগুড়া ও শেরপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২২টি অবৈধ ভাটা হতে মোট ১৩ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২২টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়।





শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০০৬-এর বিধি ৮(১), ১৮(২) অনুযায়ী মানমাত্রা অতিক্রম করে হর্ণ বাজানো অপরাধে অনধিক ১ (এক) মাস কারাদণ্ড বা অনধিক ৫(পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১০ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ২৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। রাজশাহী, ঝালকাঠি, সিরাজগঞ্জ, নোয়াখালী, নওগাঁ, বরিশাল, বগুড়া, মেহেরপুর, চাঁদপুর, গাইবান্ধা, পাবনা, দিনাজপুর, হবিগঞ্জ, শেরপুর ও পিরোজপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২৪টি অবৈধ ভাটা হতে মোট ২২ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২৪টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। খুলনা, নওগাঁ ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৮টি প্রতিষ্ঠান মোট ২ লক্ষ ৬৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১৪৪২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**১১ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী ও টায়ার পাইরোলাইসিস দ্বারা বায়ু দূষনের দায়ে ৭টি প্রতিষ্ঠান হতে মোট ৪ লক্ষ ২৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। সিলেট, নওগাঁ, সিরাজগঞ্জ, ফেনী, যশোর, চাঁদপুর, হবিগঞ্জ, মেহেরপুর, শেরপুর, বগুড়া, লালমনিরহাট ও রংপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২৭টি অবৈধ ভাটা হতে মোট ২৬ লক্ষ ৯০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২৭টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। চট্টগ্রাম ও গোপালগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান মোট ৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১০৯ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ক, ১৫(১) ধারা অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র ব্যতীত ব্যাটারী ভাঙ্গা বা আগুনে গলানো অপরাধের ক্ষেত্রে অনধিক ২ (দুই) বৎসর কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ড আরোপযোগ্য।

**১২ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী ও যানবাহনের কালো ধোঁয়া দ্বারা বায়ু দূষনের দায়ে ১০টি প্রতিষ্ঠান ও ৪টি যানবাহন হতে মোট ৩ লক্ষ ৪৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নওগাঁ, সিরাজগঞ্জ, বান্দরবান, নোয়াখালী, সুনামগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ, সিলেট, মেহেরপুর, লক্ষীপুর, টাংগাইল, চাঁদপুর, বরগুনা, শেরপুর, লালমনিরহাট ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ২১টি অবৈধ ভাটা হতে মোট ২৭ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ২১টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক ঢাকা কিং এন্ড ক্যাসেল ডোর কমপ্লেক্স নামক প্রতিষ্ঠানের সেবা সংযোগ বিচ্ছিন্ন করা হয়।

জেনারেল হাসপাতাল এন্ড ডায়াগনস্টিক সেন্টারকে ৪০ হাজার টাকা, হেলথকেয়ার ডায়াগনস্টিক সেন্টার লিমিটেডকে ৩ হাজার ৫ শত ৪৮ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৫টি প্রতিষ্ঠান হতে মোট ৩৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুমিল্লা, চট্টগ্রাম, ফরিদপুর, নোয়াখালী ও ফেনী জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১৫টি অবৈধ ভাটা হতে মোট ২৮ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৯ টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। শরীয়তপুর ও গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৩টি প্রতিষ্ঠান মোট ২ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১২৯৫০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১৪ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৫ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**১৩ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ৪০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুমিল্লা, চট্টগ্রাম, রাজবাড়ী, নরসিংদী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, মেহেরপুর, শেরপুর, চাঁদপুর ও টাংগাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১৩টি অবৈধ ভাটা হতে মোট ১০ লক্ষ ৩৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১৩টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। বরিশাল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ২ হাজার ৫শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। বান্দরবান জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে পাহাড় কর্তনের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।






বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬খ, ১৫(১) ধারা অনুযায়ী পলিথিন বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহণ বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার অপরাধের ক্ষেত্রে অনধিক ১ (এক) বৎসর কারাদণ্ড বা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৬ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৪টি প্রতিষ্ঠান হতে মোট ১৮ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুড়িগ্রাম, মেহেরপুর, নওগাঁ, ময়মনসিংহ, শেরপুর, চাঁদপুর ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮টি অবৈধ ভাটা হতে মোট ২০ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৭টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। চট্টগ্রাম মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে পাহাড় কর্তনের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা ও খুলনা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী ও কাঠ কয়লা দ্বারা বায়ু দূষনের দায়ে ৩২টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩০টি কাঠ কয়লার কারখানার কার্যক্রম বন্ধ করা হয়। ফরিদপুর, ফেনী ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৮টি অবৈধ ভাটা হতে মোট ৫০ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। ভোলা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান মোট ১৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ২১১ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





**১৭ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ২৩ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। কুড়িগ্রাম, ঝিনাইদহ, চট্টগ্রাম, টাংগাইল, শেরপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১১টি অবৈধ ভাটা হতে মোট ৩২ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ১১টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৫০০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ১টি যানবাহন ৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ধারা ৪, ১৪ অনুযায়ী জেলা প্রশাসকের নিকট হতে লাইসেন্স ব্যতীত ইট প্রস্তুত বা ইটভাটা স্থাপন, পরিচালনা বা চালুর জন্য অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনূন্য ২০ (বিশ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**১৮ মার্চ ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের নারায়ণগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে স্টিল মিল দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ৫ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নড়াইল, নওগাঁ ও টাংগাইল জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ৭টি অবৈধ ভাটা হতে মোট ৩৬ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৭টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। গাজীপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে মোট ১ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৫০০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঢাকা মহানগর কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৩টি যানবাহন মোট ১০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়।





**১৯ মার্চ ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৭টি প্রতিষ্ঠান হতে মোট ৭৯ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শেরপুর, বান্দরবান, ময়মনসিংহ, নওগাঁ, চুয়াডাঙ্গা ও চট্টগ্রাম জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১২টি অবৈধ ভাটা হতে মোট ২৬ লক্ষ ৯৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৭টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়।





**২০ মার্চ ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৬টি প্রতিষ্ঠান হতে মোট ৫৫ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। শেরপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। কিশোরগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ১টি প্রতিষ্ঠান হতে ৩০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ১৫০ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।





ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এরধারা ৫, ১৫ অনুযায়ী কোন ব্যক্তি ইট প্রস্তুত করিবার উদ্দেশ্যে কৃষিজমি বা পাহাড় বা টিলা হইতে মাটি কাটিয়া বা সংগ্রহ করিয়া ইটের কাঁচামাল হিসাবে উহা ব্যবহার করলে অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ড আরোপযোগ্য।

**২৩ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ১৬ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। নেত্রকোনা, ঝিনাইদহ ও ঢাকা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ০৩টি অবৈধ ভাটা হতে মোট ১ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। মুন্সীগঞ্জ ও বগুড়া জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ৭২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। ঝিনাইদহ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ১২ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৫ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।





**২৪ মার্চ ২০২৫ খ্রিঃ** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মাণ সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ৩টি প্রতিষ্ঠান হতে মোট ৩০ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠানকে সর্তক করা হয়। রংপুর, মেহেরপুর, নারায়ণগঞ্জ, বরগুণা জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১২টি অবৈধ ভাটা হতে মোট ৪০ লক্ষ টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৩টি ইটভাটার সম্পূর্ণ কার্যক্রম বন্ধ করা হয়। সুনামগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ৮টি প্রতিষ্ঠান হতে মোট ২০ হাজার ৫ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ২৫ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়। যশোর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে মানমাত্রারিতিক্ত শব্দ দূষনের দায়ে ৪টি যানবাহন হতে মোট ৭ হাজার টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং ৫ টি হাইড্রলিক হর্ন জব্দ করা হয়।






বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ৬ (১), ১৫(১) ধারা অনুযায়ী স্বাস্থ্য হানিকর বা পরিবেশের জন্য ক্ষতিকর ধোঁয়া বা গ্যাস” অর্থ বিধি দ্বারা নির্ধারিত মান মাত্রা অতিক্রমকারী ধোঁয়া বা যে কোন গ্যাস নিঃসরণ বন্ধ করার লক্ষ্যে পরীক্ষা করার উদ্দেশ্য ব্যতীত অন্য কোনভাবে উক্ত যানবাহন চালুর অপরাধে অনধিক ৫ (পাঁচ) হাজার টাকা অর্থদণ্ড আরোপযোগ্য।

**২৫ মার্চ ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক শুনানী গ্রহণক্রমে ঢাকা জেলার এডভান্সড হেলথ এইড ডায়াগনস্টিক সেন্টারকে ৩০ হাজার টাকা; জেনেরিক হেলথ কেয়ার লি: ৫০০০০ টাকা; মেসার্স হোম ব্রিকস (এবিসি) ৩০০০০ টাকা; আল আরাফাহ ইসলামি হাসপাতাল এন্ড ট্রমা সেন্টার লি: ১,২০,০০০ টাকা; কালিগঞ্জ ইকোনমিক জোন ৮,৫০,০০০ টাকা; ঢাকা স্পেশালাইজড হাসপাতাল লি: ১,৫০,০০০ টাকা; রেডিকেল হাসপাতাল লি: ১,৫০,০০০ টাকা; পপুলার ডায়াগনস্টিক সেন্টার লি: ১,০০,০০০ টাকা; আকিজ বেকারী লি: ৫০,০০০ টাকা; জয়িতা নীড় মেডিকেল সেন্টার (মাদকাসক্ত ও মানবিক হাসপাতাল) ৩০০০০ টাকা; লাইফ এইড স্পেশালাইজড হাসপাতাল লি: ১০০০০০ টাকা; মাইকেয়ার হেলথ লি: ৭৫০০০ টাকা; পল্টন ডায়াগনস্টিক সেন্টার ৫০০০০ টাকা; আপন ঠিকানা মেডিকেল সেন্টার ৩০০০০ টাকা;নবাব সিরাজউদ্দৌলা মানসিক হাসপাতাল ৩০০০০ টাকা; সেইফ হাউজ হাসপাতাল ৩০০০০ টাকা; ইসিবি স্পেশালাইজড আই হসপিটাল ৩০০০০ টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নির্মান সামগ্রী দ্বারা বায়ু দূষনের দায়ে ২০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়।২৫ মার্চ ২০২৫ তারিখে রংপুর, নীলফামারী, বরগুণা, মেহেরপুর, নারায়ণগঞ্জ, চট্রগ্রাম ও রংপুর জেলায় ০৮টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ২৩টি মামলার মাধ্যমে ৮৫০০,০০০/-(পঁচাশি লক্ষ টাকা মাত্র) জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০৯ টি ইটভাটার কিলন ভেঙ্গে, পানি দিয়ে আগুন নিভিয়ে, কাঁচা ইট ধ্বংস করে কার্যক্রম সম্পূর্ণরুপে বন্ধ করে দেওয়া হয়। পটুয়াখালী ও সুনামগঞ্জ জেলায় নিষিদ্ধ ঘোষিত পলিথিন উৎপাদন, বিক্রয়, সরবরাহ ও বাজারজাত করার দায়ে ০৩টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ১০টি মামলার মাধ্যেমে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ৩২ কেজি নিষিদ্ধ ঘোষিত পলিথিন জব্দ করা হয়। ঢাকা মহানগরের শেরে বাংলা নগর ও পল্লবী এলাকায় ০২টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪টি মামলার মাধ্যেমে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয়। যশোর জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে ০৪টি যানবাহনের ড্রাইভারকে ০৪ টি মামলার মাধ্যমে ৭,০০০/-(সাত হাজার) টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় করা হয় এবং ০২টি হাইড্রোলিক হর্ণ জব্দ করা হয়। সুনামগঞ্জ জেলায় ১টি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করে মামলা করে ৪টি এক্সেভেটর এবং ২০টি শ্যালু মেশিন জব্দ করা হয়।





**২৭ মার্চ ২০২৫ খ্রি:** তারিখে পরিবেশ অধিদপ্তরের মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে সিটি কর্পোরেশনকে নিম্নরুপ ব্যবস্থা গ্রহণ করা হয়: ১) টার্মিনালে সিটি কর্পোরেশন কর্তৃক দায়য়িত্ব প্রাপ্ত ম্যানেজার ও টি আইকে যত্রতত্র ময়লা ফেলার স্হানসমূহ চিহ্নিত করানো হয়। ২) সে সকল স্থান থেকে ময়লা সরানোর জন্য পরিচ্ছন্নতা কর্মীদের কাজ করানো হয়। ৩) টার্মিনালের ভিতর সিটি কর্পোরেশন এর গাড়ি দিয় রাস্তা ও আবর্জনাস্হল পরিস্কার করানো হয় এবং নিয়মিত পরিষ্কার করার নির্দেশনা দেয়া হয়। ৪) টার্মিনালে নামা যাত্রীদের যত্রতত্র পায়খানা- প্রস্রাব ত্যাগরোধে পরিবহন মালিক, কর্মচারী ও টার্মিনালের ম্যানেজার সহিত কথা বলা হয়, এ সময় যাত্রীদের টয়লেটের স্থান দেখানোর জন্য স্বেচ্ছাসেবক নিয়গের নির্দেশনা দেয়া হয়। ৫) টার্মিনালের দক্ষিণাঞ্চল বাস কাউন্টার স্হলে জমে থাকা ময়লা পানি ও ময়লা অপসারণের নির্দেশ হয়, এসময় তৎক্ষণাৎ ময়লা সিটি করপোরেশন ভেকু দিয়ে সরানো হয়। দায়িত্বপ্রাপ্ত ম্যানেজার ময়লা পানি সরানোর ক্ষেত্রে পাইপ লাগানোর ব্যবস্থা এবং দীর্ঘ মেয়াদে ডেন নির্মাণের প্রতিশ্রুতি দেন। ৬) টার্মিনালের ভেতর যত্রতত্র ময়লা ফেলার দায়ে ৩টি দোকানকে মোট ২৫০০/- টাকা জরিমানা করা হয় এবং সংশ্লিষ্ট সবাইকে এ বিষয়ে সতর্ক করা হয়।

কিশোরগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে ১টি অবৈধ ভাটা চিমনীসহ ভেঙ্গে গুড়িয়ে দেওয়া হয়। শরীয়তপুর জেলা কার্যালয় কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করে নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ উৎপাদন, বিক্রয় ও সরবরাহের দায়ে ২টি প্রতিষ্ঠান হতে মোট ১ হাজার ৩ শত টাকা জরিমানা ধার্যপূর্বক আদায় এবং আনুমানিক ২ কেজি পলিথিন শপিং ব্যাগ জব্দ করা হয়।






অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে


দৈনিক আলোকিত সকাল

রূপগঞ্জে বায়ুদূষণকারী ৩ প্রতিষ্ঠানকে ৫ লাখ টাকা জরিমানা


কালের কণ্ঠ

ইটভাটায় অভিযানকালে ভ্রাম্যমাণ আদালতের ওপর শ্রমিকদের হামলা, আহত ৩


দৈনিক আলোকিত সকাল

ফতুল্লায় বায়ুদূষণকারী ৮ প্রতিষ্ঠানকে তিন লাখ টাকা জরিমানা


প্রথম আলো

ঢাকার চেয়ে আজ দেশের ৪ বিভাগীয় শহরে বায়ুদূষণ অনেক বেশি


নরসিংদীতে ব্যাটারি তৈরির কারখানায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান


দৈনিক আলোকিত সকাল
নারায়ণগঞ্জে বায়ুদূষণ রোধে অভিযান, ৩ প্রতিষ্ঠানকে জরিমানা


দৈনিক করতোয়া
এক দোকান থেকে
বগুড়ায় ২৭ কেজি পলিথিন জব্দ করে ১০ হাজার টাকা জরিমানা


নিরপেক্ষ



নরসিংদীতে ব্যাটারি তৈরির কারখানায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান



দৈনিক আলোকিত সকাল

নারায়ণগঞ্জে বায়ুদূষণ রোধে অভিযান, ৩ প্রতিষ্ঠানকে জরিমানা



E-Paper দৈনিক করতোয়া

এক দোকান সিলগালা

বগুড়ায় ২৭ কেজি পলিথিন জব্দ করে ১০ হাজার টাকা জরিমানা



অযথা হর্ন আমাদের সন্তানদেরও বধির করছে

বাংলাদেশের সংবিধানের ১৮ক অনুচ্ছেদ মোতাবেক "রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষণ ও উন্নয়ন করবে এবং জীববৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির নিরাপত্তা বিধান করবে"



**পরিবেশ অধিদপ্তর**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়